

## শিক্ষক-কর্মচারীদের মহার্ঘ ভাতার কথা না বলায় অর্থমন্ত্রীর নিন্দা

নিজস্ব বার্তা পরিবেশক

বর্তমান সরকারের আমলে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের মহার্ঘ ভাতা প্রদানের কথা না বলায় অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের তীব্র সমালোচনা ও নিন্দা জানিয়েছেন বাংলাদেশ শিক্ষক সমিতি। গতকাল সমিতির এক সংবাদ বিবৃতিতে এ নিন্দা জানান সংগঠনটি নেতারা।

তারা জানিয়ে, সরকারি কর্মকর্তারা মহার্ঘ ভাতা পাচ্ছে এ সরকারের মেয়াদেই, অথচ বেসরকারি শিক্ষকদের এসব ভাতা থেকে বঞ্চিত রাখা হচ্ছে। তারা আরও জানান, এই উর্ধ্বগতির দ্রব্যমূল্যের বাজারে শিক্ষক সমাজ সরকার থেকে যে বেতন পায় তা দিয়ে তাদের সংসার চালানো কষ্টকর হয়ে দাঁড়িয়েছে। এ অবস্থায় অর্থমন্ত্রীর বক্তব্য তাদের বেতনের বিষয় উল্লেখ না করা তেলে মাথায় তেল দেয়ার শামিল বলে মন্তব্য করেন তারা। সরকার বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের মহার্ঘ ভাতা এ সরকারের মেয়াদেই কার্যকর না করলে শীঘ্রই বড় ধরনের আন্দোলনে যাওয়ার ঘোষণা দিয়ে সরকারকে বিবৃতিতে হুমকি দেন তারা।